

■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৮১

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৫৯. ওজন, পরিমাপ ও মেয়াদ নির্দিষ্ট করে অগ্রিম ক্রয়-বিক্রয়

بَابُ السَّلَفِ فِي كَيْلٍ مَعْلُومٍ وَوَزْنٍ مَعْلُومٍ إِلَى أَجَلٍ مَعْلُومٍ

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ حُمَيْدٍ بْنُ كَاسِبٍ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، عَنْ مُحَمَّدٍ بْنِ حَمْزَةَ بْنِ يُوسُفَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَلَامٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ عَبْدِ اللَّهِ بْنِ سَلَامٍ، قَالَ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَقَالَ إِنَّ بَنِي فُلَانٍ أَسْلَمُوا - لِقَوْمٍ مِنَ الْيَهُودِ - وَإِنَّهُمْ قَدْ جَاءُوكُمْ فَأَخَافُ أَنْ يَرْتَدُوا . فَقَالَ النَّبِيُّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - "مَنْ عِنْدَهُ" . فَقَالَ رَجُلٌ مِنَ الْيَهُودِ عِنْدِي كَذَا وَكَذَا - لِشَيْءٍ قَدْ سَمَّاهُ أَرَاهُ قَالَ ثَلَاثُمَائَةٌ دِينَارٍ بِسِعْرٍ كَذَا وَكَذَا مِنْ حَائِطٍ بَنِي فُلَانٍ . فَقَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - "بِسِعْرٍ كَذَا وَكَذَا إِلَى أَجَلٍ كَذَا وَكَذَا وَلَيْسَ مِنْ حَائِطٍ بَنِي فُلَانٍ" .

বাংলা

২/২২৮১। আবদুল্লাহ ইবনে সালাম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট উপস্থিত হয়ে বললো, ইহুদীদের অমুক দল ইসলাম গ্রহণ করেছে। কিন্তু তারা দুর্ভিক্ষে পতিত হয়েছে। আমার আশংকা হয় যে, তারা মুরতাদ হয়ে যায় কিনা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কারো নিকট মাল থাকলে আমাদের সাথে অগ্রিম ক্রয়-বিক্রয় করুক। এক ইহুদী বললো, আমার নিকট এই এই পরিমাণ জিনিস আছে। সে তার নামও উল্লেখ করলো। আমার মনে হয় সে বলেছে, তিন শত দিনারে অমুক গোত্রের বাগান থেকে এই এই দরে ফল দিতে হবে। রাসূলুল্লাহ বলেনঃ দর এবং মেয়াদ ঠিকই আছে, কিন্তু অমুক গোত্রের বাগান এ ভাবে স্থান নির্ধারণ গ্রহণযোগ্য নয়।

English

It was narrated from Muhammad bin Hamzah bin Yusuf bin 'Abdullah bin Salam, from his father, that his grandfather 'Abdullah bin Salam said:
"A man came to the Prophet (ﷺ) and said, 'The tribe of Banu so-and-so,

who were descended from the Jews, have become Muslim, and they are starving, and I am afraid that they may apostatize.' The Prophet (ﷺ) said: 'Who has something with him?' A Jewish man said: 'I have such and such, and he named it, and I think he said three hundred Dinar for such and such 'an amount (of produce) from the garden of the tribe of Banu so-and-so.' The Messenger of Allah (ﷺ) said: 'For such and such a price at such and such a time, but not from the garden of the tribe of Banu so-and- so.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। বায়হাকী ফিস সুনান ৭/৮৮০, ইরওয়া ১৩৮১।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. ইয়াকুব বিন হুমায়দ বিন কাসিব সম্পর্কে আবু জাফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৭০৮৬, ৩২/৩১৮ নং পৃষ্ঠা) ২. হামযাহ বিন ইউসুফ বিন আবদুল্লাহ বিন সালাম সম্পর্কে আবু আবদুল্লাহ আল-হাকিম আন-নায়সাবুরী বলেন, তার হাদিস সহিহ হওয়া থেকে বের হয়ে গেছে। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাকবুল। তাহরীর তাকরীবুত তাহয়ীব এর লেখক বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইবনু হিবান তাকে মাজহুল হিসেবে উল্লেখ করেছেন। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ১৫২০, ৭/৩৪৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন সালাম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=42897>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন